



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন্দ্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা।
www.dot.gov.bd



স্মারক নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০০৮.২২- ২৬৭

তারিখ: ২৩ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ।
০৭ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ।

সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি
শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২

বন্দ্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বন্দ্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ২০২১-২০২২ শিক্ষাবর্ষে লেভেল-১ এর ভর্তি বিজ্ঞপ্তি গত ২১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে ২৪.০২.০০০০.০০৩.১৮.০০৮.২২-১২৩ নং স্মারকে প্রকাশ করা হয়।

১. শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা:

ক্রঃ নং	কলেজের নাম ও ঠিকানা
১.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম।
২.	পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা।
৩.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।
৪.	শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সি এন্ড বি রোড, বরিশাল।
৫.	শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, আড়ুয়াকান্দি, মধুপুর বাজার, সদর, ঝিনাইদহ।
৬.	ড. এম এ ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর।
৭.	শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ।
৮.	শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলাদহ, জামালপুর।


সার্বিক পরিস্থিতি বিবেচনায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আবেদন গ্রহণ ও পরীক্ষার সময়সূচী নিম্নরূপে সংশোধন করা হলো। আবেদনের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সংশোধিত ন্যূনতম যোগ্যতাঃ

- (ক) আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে অথবা নাগরিকত্ব গ্রহণসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- (খ) আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে ২০১৮ অথবা ২০১৯ সালে অনুষ্ঠিত এসএসসি/সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর ক্ষেত্রে জিপিএ ৪.০০ পেয়ে পাশ অথবা বিদেশি শিক্ষা বোর্ড হতে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।
- (গ) আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে ২০২০ অথবা ২০২১ সালে অনুষ্ঠিত এইচএসসি/সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর ক্ষেত্রে জিপিএ ৪.০০ পেয়ে পাশ অথবা বিদেশি শিক্ষা বোর্ড হতে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে। এছাড়া, আবেদনকারীকে এইচএসসি পরীক্ষায় গনিত, পদার্থ ও রসায়নে আলাদাভাবে ন্যূনতম ৩.৫০ গ্রেড পয়েন্ট এবং ইংরেজিতে ৩.০০ গ্রেড পয়েন্টসহ উল্লিখিত বিষয়সমূহে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৫.৫০ থাকতে হবে।
- (ঘ) GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ প্রার্থীদের ক্ষেত্রে GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি পেপারে গড়ে B এবং GCE 'A' লেভেল পরীক্ষায় Physics, Chemistry and Mathematics এ B গ্রেড পেয়ে পাশ করতে হবে। কোন বিষয়ে D গ্রেড গ্রহণযোগ্য হবে না। Equivalence Certificate প্রাপ্তির জন্য বন্দ্র অধিদপ্তরের পরিচালক (শিক্ষা) এর নিকট নগদ ১৫০০ (এক হাজার পাঁচ শত) টাকা প্রদান পূর্বক 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি সহ, মহাপরিচালক, বন্দ্র অধিদপ্তর বরাবরে ২০/০৮/২০২২ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

৩. ভর্তি পরীক্ষার সংশোধিত তারিখ ও সময়সূচীঃ

ভর্তি সংক্রান্ত কার্যক্রম	তারিখ
(ক) অনলাইনে ভর্তির জন্য আবেদনের সময়	০৫/০৭/২০২২ খ্রিঃ সকাল ১০:০০টা হতে ০৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত
(খ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	১৭/০৯/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১০:০০টা হতে ১১:২০ টা পর্যন্ত
(গ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ	যথাযথ সময়ে বন্দ্র অধিদপ্তর ও সকল কলেজের ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ


(মোঃ নূরুজ্জামান)
০৭/০৮/২০২২
মহাপরিচালক
বন্দ্র অধিদপ্তর, ঢাকা।